68

তারিখ 10 DEC 1995
পৃষ্ঠা ৯ কলাম

দৈনিক জনকণ্ঠ

## গফরগাঁও সরকারী কলেজ ছাত্রী নিবাস

# রুম দশটি ॥ থাকছে শতাধিক ছাত্রী

গফরগাঁও (ময়মনসিংহ), ৯ ডিসেম্বর (সংবাদদাতা) ॥ গফরগাঁও সরকারী কলেজের একমাত্র ছাত্রী নিবাসটিতে বিভিন্ন সমস্যা বিরাজ করছে। ফলে ছাত্রীদের লেখাপড়া মারাত্মক ব্যাহত হচ্ছে।

অভিযোগে জানা গেছে, গফরগাঁও সরকারী কলেজের ছাত্রী নিবাসটি অনেক পুরনো। ১৯৭২ সালে এটি স্থাপন করা হয়। এখানে ছাত্রীদের থাকার জন্য ১০টি রুম তৈরি করা হয়েছিল। বর্তমানে ১০টি রুমে শতাধিক ছাত্রী অবস্থান করছে। এতে ছাত্রীদের লেখাপড়ায় চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে। ছাত্রীদের কোন গোসলখানা নেই। ছাত্রী নিবাসের সামনে পুকুরে ছাত্রীরা গোসল করে। শতাধিক ছাত্রীর জন্য ১টি বাথ রুম এবং ১টি টিউবওয়েল রয়েছে। টিউবওয়েলটি বেশিরভাগ সময় নষ্ট থাকে। তাছাড়া ছাত্রীবাসের দেয়াল খুব নিচু। প্রশাসনিক ব্যবস্থাও খুব দুর্বল। যে কোন সময় ছেলেরা ছাত্রীবাসে ঢুকে অযথা রুমের সামনে দাঁড়িয়ে থাকে। বেশিরভাগ ছাত্র নেতৃস্থানীয় তাই ভয়ে কোন ছাত্রী প্রতিবাদ করার সাহস পায় না। প্রতিবাদ করলে ছাত্রীবাস থেকে বের করে দেয়া হয়। রাতে বখাটে যুবকরা ঢিল ছুড়ে মারে। জানালা দিয়ে ময়লা আবর্জনা ও পানি ছিটিয়ে দেয়।

হল সুপারের কাছে অভিযোগ করেও কোন সুরাহা হয় না। নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন শিক্ষক জানান, ছাত্রীবাসের নিয়ম-শৃঙ্খলা রক্ষা করতে গিয়ে বেশ কয়েকজন শিক্ষককে ছাত্রদের দ্বারা লাঞ্ছিত হতে হয়েছে। বেশ কয়েকজন ছাত্রী জানান, ছাত্রীবাসে থাকার কোন পরিবেশ নেই। দূর থেকে নিয়মিত কলেজে এসে ক্লাস করা খুবই কষ্টসাধ্য ব্যাপার, তাই শত প্রতিকূল অবস্থার মধ্যেও তারা কলেজের ছাত্রী নিবাসে থাকছে।